**২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**

**ম্যানুয়েল কফম্যান (Manuel Caughman)** (D)

**আমার নাম Manuel Caughman এবং আমি ২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট এ একজন প্রার্থী যেখানে বর্তমান কাউন্সিলম্যান হচ্ছেন Leroy Comrie। সিটি কাউন্সিলে আমার প্রতিদ্বন্দিতার কারন আমি এই কাউন্সিল ডিস্ট্রিক্টকে যথেষ্ট শক্তিশালী ও গ্রহনযোগ্য করে তুলতে চাই। আমি এই ডিষ্টিক্টকে কর্মসংস্থানের ইতিহাস গড়ে তুলতে চাই। আমি আমাদের কনষ্টিটিউয়েন্সির ইস্যু তৈরির কাজে এসেম্বলীম্যান William Scarborough-এর সাথে ১০ বছর ছিলাম। আমি জ্যামাইকা ডাউনটাইনের জন্য ল্যান্ড ইউজ কমিটিতে ও কাজ করেছি। যা থেকে সুফল পাওয়া গেছে। অর্থনীতি চাঙ্গা হয়ে উঠে এবং এখানে কর্মসংস্থান তৈরী হয়। এছাড়া ব্রিংকার্থন একশন এসোসিয়েশনের সভাপতি হিসেবে আমি ওয়েস্টসাইড ট্রক্স সাইট পরিচ্ছন্ন করনে সংগ্রাম করেছি যেখানে নিচের পানিতে দূষিত অবস্থা বিরাজ করত। এই কর্ম সম্পাদনের মাধ্যমে অত্র অঞ্চলের মানুষের কি চাওয়া পাওয়া এবং সমস্যাগুলো কি তা চিহ্নিতকরনে সহজতর হয়েছে। আমি সিটি কাউন্সিলকে একটা জিনিস পরিষ্কারভাবে বুঝিয়ে দিতে চাই যে, কেবলমাত্র শিক্ষা এবং একমাত্র শিক্ষাই একটিমাত্র বিষয় হতে হবে। আমি আমাদের স্কুল পদ্ধতির জন্য অর্থ যোগান এবং এটির সংস্কারে লড়ে যাব। আমি স্কুলগুলোর প্রিন্সিপালগণের সাথে মাসিক বৈঠকের ব্যবস্থা করব যেখানে সমস্যাগুলো বেরিয়ে আসবে। এটা আমাদের কর্ম পরিসরে প্রতিক্রিয়াশীলতার বদলে অনুকূল আবহ তৈরী করবে এবং বোর্ডার লাইনগণ ও অভিভাবকগণ এতে সক্রিয় ভূমিকা রাখবেন। আমার কর্মসূচীতে জন নিরাপত্তা বিষয়টি সবার্গ্রে থাকবে, আমাদেরকে বাড়ীঘরের, স্কুলের এবং ব্যবসার নিরাপত্তা রক্ষা করতে হবে। আমাকে সমর্থনের হাত প্রসারিত করায় আপনাদেরকে ধন্যবাদ, সৃষ্টিকর্তা আপনাদের কল্যান করুন**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**জোন ফ্লাওয়ারস (Joan Flowers)** (D)

**আমি Joan Flowers, এবং আমি কুইন্সে ২৭তম ডিস্ট্রিক্ট নিউ ইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনে প্রার্থী হয়েছি। এই ডিস্ট্রিক্ট এ আমি ২৫ বছরাধিক কাল ধরে বসবাস করেছি। কুইনস্ লিগ্যাল এইড এ ষ্টাফ এটর্নী হিসাবে কাজ করেছি এবং ১৯৯৩ সাল থেকে এখানে আমি একটি ফুল সার্ভিস ফিটনেস সেন্টারের ব্যসায়িক মালিক।**

**আপনার ভোটে জয়ী হলে আমিই হব ইতিহাসের প্রথম নির্বাচিত নারী সদস্য যা নিউইয়র্কে ইতিপুর্বে ঘটেনি।**

**আমি প্রয়োজনীয় পেশাগত শিক্ষক দিয়ে পরিচালিত মানসম্পন্ন সরকারী স্কুলের জন্য এবং আমাদের স্কুল গুলোর ন্যায্য প্রাপ্য বিলিয়ন বিলিয়ন অর্থ স্কুলগুলোতে নিয়ে আসতে সংগ্রাম চালিয়ে যেতে অঙ্গীকারবদ্ধ।**

**নির্বাচিত হলে আমি সিনিয়র সিটিজেন ফান্ডে এ অর্থ যোগানে অবিরাম সংগ্রাম চালিয়ে যাব যাতে আমাদের সোনালী সিটিজেনদের লাইফ স্টাইল উন্নীত হয়। আমাদের নেইবারহুডে প্রয়োজনীয় কর্মসংস্থানের, সবচেয়ে সঠিক মহিলা এবং পরিবারগুলোর প্রয়োজনীয় প্রাত্যহিক স্বাস্থ্যসেবা।**

**আপনাদের কাউন্সিলের মহিলা সদস্য হিসাবে আমি আইনগত বিষয় যেগুলো প্রয়োজনীয় সেগুলোতে সহায়তা প্রদানে যুবকদেরকে সহায়তা করব। কারণ এই সমাজের একজন সামাজিক ও ধর্মীয় নেতা হিসেবে এখানে দায়িত্বরত।**

**আপনার ভোটে, সম্মিলিতভাবে, জয়যুক্ত হলে, আমাদের স্বপ্ন বাস্তবায়নে আমি যত্নবান হব যাতে এই কমিউনিটির সকল স্তরের সম্মানিত নাগরিকগণ উপকৃত হতে পারে।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*

## ২৭তম কাউন্সিল ডিষ্ট্রিক্ট

**গ্রেগ মেয়স (Greg Mays)** (D)

শুভ দিন, আমি Greg Mays এবং আজ আমি ডিষ্ট্রিক্ট ২৭ নিউইয়র্ক সিটি কাউন্সিলে আমার প্রার্থীতা ঘোষনা করছি, যে সীটে বর্তমানে মাননীয় Leroy Comrie আসীন আছেন। আমি প্রতিদ্বন্দ্বিতা করছি কারন আপনার পরবর্তী প্রতিনিধি এ কাজের জন্য প্রস্তুত হয়ে আছেন তা জানার অধিকার আপনাদের আছে। আমি প্রস্তুত। বিগত ছয় বছর আমি জ্যামাইকা ভিত্তিক একটা অ-লাভজনক সংস্থা, নাম এ বেটার জ্যামাইকা পরিচালনা করে আসছি। বর্তমানে আমাদের ছয়টি প্রকল্প চালু আছে। এখানে সাউথ ইস্ট কুইন্সের পাচটি পার্কের সর্বত্র আমাদের দুইটি চলচ্চিত্র সিরিজ এক্সিবিট ২১ ফিল্ম রয়েছে। আমাদের Jamaica311.com ওয়েবসাইট এবং সাপ্তাহিক ই-ব্লাস্ট আমাদের এই প্রানপ্রিয় শহরে সকল প্রকার ঘটনাবলী যা ঘটছে তা তুলে ধরে। জ্যামাইকা সলিউশনস কমিউনিটি বিশেজ্ঞদেরকে একত্রিত হয়ে এটা চিন্তা করেন যে, কিভাবে আমাদের সমস্যাদীর আরও ভাল সমাধান দিতে পারি। আমাদের জ্যামাইকা রীডস কর্মসূচীতে বয়ষ্ক নাগরিকরা একটি স্থানীয় প্রাক প্রাথমিক স্কুলের ১ম গ্রেড এর শিক্ষার্থীদের সাথে যারা তাদের পঠন দক্ষতা বাড়ানোর জন্য কঠোর অনুশীলনরত তাদের সাথে একজন একেক জনের সাথে একত্রে পড়েন। সবর্শেষ জ্যামাইকা বল ১৭ টি স্থানীয় অলাভজন সংস্থাকে একত্র করেছে একটা যৌথ তহবিল গঠনাকারী প্রতিষ্ঠানিক আদলে পদের প্রত্যেকে ৯০% টিকেট বিক্রয় অর্থ নিয়ে থাকে। আমি প্রস্তুত এই ধরণের অভীন্ন চিন্তাপ্রসুত করনের দিকে আপনাদের সিটি কাউন্সিল প্রতিনিধী হিসেবে এগুলো চাই। একই অভীন্ন অভিগমন আনতে চাই কমিউনিটি বোর্ড ১২ তে সেখানে আমি পার্কস কমিটির চেয়ারম্যানের দায়িত্বরত এবং সেই অভীন্ন অভিগমন যা আমি আমার নেতৃত্বে এনেছিলাম এডিস্লেইগ পার্ক সিভিক অর্গানাইজেশনের প্রেসিডন্ট হিসেবে। আপনাদের প্রয়োজনাদী মেটানোর পথে আমি প্রস্তুত একইভাবে এটাও গুরুত্ববাহী যে ডিস্ট্রিক্ট ২৭-এর ভূমিখন্ড জরীপ করে দেখতে, এজন্য যে আমি নিশ্চিত হতে চাই কিকি সমস্যা সৃষ্টি হতে পারে যাতে আমরা সে সব অঙ্কুরেই বিনাশ করে ফেলতে পারি। আমি জানি সাউথ ইস্ট কুইন্সে সবকিছু ভাল না। অন্যান্য বিষয়ের মধ্যে আমি জানি আমাদের রাস্তার বন্যা এবং মাত্রাতিরিক্ত জনচাপ। আমি এও জানি অনেক বেশী শিক্ষর্থীরা স্কুলে অকৃতকার্য হচ্ছে। আমি আরও জানি আমাদের অনেক যুবক বেকার। এ সবের ফলশ্রুতীতে আমাদের এই সিটিতে ও ষ্টেটে বন্ধকী সম্পত্তি খালাস করার অধিকার হরনের হারগুলির অন্যতম। সবর্শেষ আমি এটাও জানি আমাদেরবয়স্ক ব্যাক্তিদের অনেকে নীরবে নিভৃতে ভূগছে। যদি আপনাদরে সজাগ দৃষ্টি এ সবের প্রতি থাকে কিন্তু আমার মতো ক্লান্ত হয়ে পড়েন বা অন্য কেউ এসে আমাদের সমস্যাবলীর সমাধান দিক তা দেখার জন্য অপেক্ষমান থাকেন তাহলে আপনাদের প্রতি আহবান রাখবো আমার সঙ্গে যোদ দিন, আসুন আমরা সবাই মিলে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট ২৭ কে এর সবর্কালের অবস্থার চেয়ে উন্নততর করে গড়ে তুলি। আসুন আমরা এটা করি! আপনাদেরকে ধন্যবাদ!

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**আই. দানিক মিলার (I. Daneek Miller)** (D)

**শুভ দিন, আমি Daneek Miller এবং সিটি কাউন্সিলের জন্য আমি আপনাদের ভোট চাচ্ছি। এমালগেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন ১০৫৬ এর সভাপতি হিসাবে আমি কাজ করছি যাহা MTA ড্রাইভার এবং মেকানিকসদের প্রতিনিধিত্ব করে। জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে আমি সারাটি জীবন যুদ্ধ করেছি এবং সাউথইস্ট কুইন্স এর নেইবারহুডের। একজন শ্রমিক ও কমিউনিটি সক্রিয় কর্মী হিসেবে, সুফল অর্জনের লক্ষ্যে সম্মিলিত দল গঠন ও এর ক্ষমতা কি তা আমি জানি। সফলতার সহিত Q২৭ এবং Q৪২ বাস সার্ভিস আবার চালু করা এই কাজের অন্তর্ভুক্ত। আমার কর্মকান্ড আরও অর্ন্তভুক্ত করে সাউথ কুইন্স পার্কস এসোসিয়েশন এর সাথে কাজ করে আমাদের পার্কেগুলোর উন্নয়ন এবং যুব সম্প্রদায়ের শিক্ষা ও সামাজিক সুযোগ সুবিধা প্রদান করা। কুইন্স এর  ব্রাদারস আনলিমিটেড এবং ইউনাইটেড ব্ল্যাক মেন এর সাথেও আমি সক্রিয় ।আপনাদের কাউন্সিল মেম্বার হিসাবে আমাদের নেইবারহুডের স্কুলগুলোর শিক্ষার উন্নয়নে আমি কাজ করবো। আমি পাবলিক স্কুলের একজন ছাত্র ছিলাম; আমার সন্তানেরাও সেগুলিতে গিয়েছে; আমি চাই প্রতিটি স্কুলে প্রতিটি শিশু সবচেয়ে ভাল সম্ভাব্য শিক্ষা পাবে। আমাদের নেইবারহুডের উন্নয়নে সিটি বাজেটে তহবিল যোগান দিতে আমি যুদ্ধ করবো। আমি অঙ্গীকার করছি আমাদের বাসস্থান সমূহকে উন্নততর স্থান হিসাবে গড়ে তুলতে আমার সংগ্রাম চলবে। এর মানে হলো জনগন ভাল বেতনের চাকরী পাওয়ার সুযোগ পাবে। এবং এটা বোঝায় যে নিবার্চিত কর্মকর্তাগণ প্রতিটি অধিবাসীর নিকট কৈফিয়ৎ দিতে অবশ্যই দায়বদ্ধ থাকবে, কোণ বিত্তশালী দাতাদের নিকট নয়। সাউথ ইস্ট কুইন্সের জন্য আমি আজীবন যুদ্ধ করেছি। একজন কোয়ালিশন বিল্ডার যে জানে কিভাবে ফল সরবরাহ করতে হয় সে হিসাবে আমার অভিজ্ঞতা এবং কাজ উৎসর্গ করতে চাই। আপনাদের নতুন কাউন্সিলার মেম্বার হিসাবে আপনাদের জন্য এবং আপনাদের সাথে কাজ করার প্রতীক্ষায় রয়েছি।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden)** (D)

**আমার নাম Sondra Peeden এবং ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্টে প্রথম নিবার্চিত মহিলা হওয়ার সৌভাগ্য অর্জনের সুযোগ নিতে আগ্রহী। আমার জীবনের অধিকাংশ সময় ধরে আমি সাইথইস্ট কুইন্সকে ভালবাসি এবং সেইন্ট এলব্যানস এ বসবাস করি । ২০ বছর ধরে সরকারী চাকুরী করার পর আমি বুঝতে পারছি কেমন করে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্টের অধিবাসীদের জন্যই কাজ করবো বরং নিউইয়র্ক সিটির সকল নাগরিকের জন্য । আমাদের সামনে সে সব সমস্যা রয়েছে তা মোকাবেলার জন্য আমাদের প্রয়োজন প্রাতিষ্ঠানিক জ্ঞান, একটা সতেজ দৃষ্টিভঙ্গি এবং সকলের সাথে মিলে কাজ করার যোগ্যতা সম্পন্ন নিবার্চিত ব্যক্তিদের। ২৭তম কাউন্সিল ডিষ্ট্রিক্ট সিটি হলে এমন কাউকে চায়, যার মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা এবং সমস্যার সমাধান খুঁজে বের করার সক্ষমতা রয়েছে। আমি শ্রম, বেসরকারী শিল্প সেক্টরকে সমর্থন দেবো এং সরকারী বেসরকারী যৌথ উদ্যোগকে এগিয়ে নেবো। আমি কাজ করবো: সবুজায়ন শিল্প, যন্ত্রাংশ উপাদিত শিল্প, খন্ডকালীন কর্মসংস্থান, সাউথইস্ট কুইন্সকে একটা খুচরা ও পাটকারী ব্যবসা কেন্দ্রে পরিণত করতে। আমাদের কমিউনিটির সব চেয়ে ক্ষনভংগুর ও দূবর্লতমদেরকে সুরক্ষা করতে এগিয়ে চলা, বিশ্বে সাথে পাল্লা দিয়ে চলতে আমাদের সন্তানদেরকে উপযোগী করে তুলতে শিক্ষা বিভাগকে পুনবিন্যাস করা প্রয়োজন। কুইন্টা কাউন্সিলে হাসপাতাল বেডের অপ্রতুলতা এবং আমাদের কমিউনিটিতে স্বাস্থ্য সেবার বৈষম্য রয়েছে। আমি অঙ্গিকার করছি যে, সকলের কথাই শুনবো, আমাদের কমিউনিটি ও সিটিকে সংরক্ষন ও পরিবর্তনের মাধ্যমে সবার জন্য একটা আরও উত্তম জায়গায় পরিণত করবো। ২০১৩ এর সেপ্টেম্বরের ১০ তারিখে, আমি আশাকরি আপনারা আমাকে ভোট দিবেন, Sondra Peeden.**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*

**২৭তম সিটি কাউন্সিল ডিস্টিক্ট**
**ক্লাইড ভানেল (Clyde Vanel)** (D)

আমার নাম Clyde Vanel আমি আপনাদের পরবর্তী কাউন্সিলমেম্বার পদের জন্য প্রার্থী। সমাজ ও আপনাদের সেবা দানের মত সামর্থ অভিজ্ঞতা এবং সততা আমার আছে। আমিই একমাত্র প্রার্থী যে কয়েকমাস পূর্বে আপনাদের ও কমিউনিটির পাশে দাড়িয়ে এলাকা বিভাজনের সময় কমিউনিতিকে এক রাখার জন্য সংগ্রাম করেছি। কয়েক বছর ধরে আমি আরও সংগ্রাম করেছি, আপনাদের স্কুলগুলো খোলা রাখতে এবং ও শিক্ষার্থীদের শিক্ষিত করেত তোলার জন্য প্রয়োজনীয় উপকরণের। তাছাড়া আমার অফিসকে আপনারা কমিউনিটি সেন্টার হিসেবে ব্যবহার করেছেন। কয়েক বছর আগে ঘটে যাওয়া তুষার ঝড়ে এবং হারিকেন স্যান্ডিত আমার অফিস তুষার অপসারনের সরঞ্জাম সরবরাহ করে তুষার, গাছ ও তার ধ্বংসাবশেষ এবং বিদ্যুৎ সরবরাহের মধ্য দিয়ে অসুস্থ জনদেরকে সহায়তা করেছি। আমি একজন এটর্নি এবং কমিউনিটি আইনজীবী যে কুইনস এ জন্মেছিলা এবং বেড়ে উঠেছিল। আমার বাবা মা আমাকে লালন পালন করে বেড়ে তুলেছেন কেম্ব্রিয়া হাইটসে। নৈতিক মূল্যবোধ এবং শিক্ষা সহ, নিয়মানুবর্তিতা এবং কঠোর পরিশ্রম, সবকিছুই সম্ভব আর এগুলো তারা আমাদের ভিতর শুরু করে। আমি সিটি হল-এ  সে সকল মূল্যবোধ বয়ে আনব এবং কাজ করব। বহু চাপ সৃষ্টিকারী বিষয় আমাদের কমিউনিটিকে ক্লান্ত করে তুলছে; ফোরক্লোজার সংকট, stop and frisk সংকট, জন নিরাপত্তা, যুব এবং বয়স্কদের প্রোগ্রাম বন্ধ হয়ে যাওয়া, স্পীডিং, পরিবহন। আমি বিশ্বাস করি, যাহা হোক, আমরা আরও বেশী কর্মসংস্থান চাই এবং আমাদের স্কুলগুলো অকৃতকার্য হয়ে যাচ্ছে। সব সমস্যা সমাধানে আমি কঠোরভাবে কাজ করবো। আমার অফিস হবে অত্যন্ত সচল, খোলা এবং প্রবেশযোগ্য। আমাকে নির্বাচিত করুন, Clyde Vanel, সিটি কাউন্সিলে আপনার প্রতিনিধিত্ব করার জন্য। আমার একটা পরিকল্পনা আছে, শক্তি, মূল্যবোধ এবং আপনাদের জন্যে সংগ্রাম করার অভিজ্ঞতা আমার আছে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*